

বন্যার পানি ক্যাম্পাসে, লিডিং ইউনিভার্সিটি বন্ধ

সিলেট অফিস

প্রকাশ : ২০ মে ২০২২, ১১:৪৮



**সুবাসিত
৩০ টি**

বন্যাকবলিত লিডিং ইউনিভার্সিটি ক্যাম্পাস। ছবি: সংগৃহীত

সিলেটের বেসরকারি বিশ্ববিদ্যালয় লিডিং ইউনিভার্সিটি বন্ধ ঘোষণা করা হয়েছে। বন্যাকবলিত হয়ে পড়ায় শিক্ষার্থীদের কথা বিবেচনা করে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, ২০০১ সালে প্রতিষ্ঠিত এ বিশ্ববিদ্যালয়ের ১১টি বিভাগে প্রায় চার হাজার শিক্ষার্থী অধ্যয়ন করছে। বন্যার পানি ক্যাম্পাসে তুকে পড়ায় শুক্রবার (২০ মে) থেকে ২৩ মে পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধের ঘোষণা দেওয়া হয়েছে।



**সিলেট-সুনামগঞ্জের অন্তত ১
হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে পানি**

বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্টার ও জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আলমগীর হোসাইন জানান, ক্যাম্পাস প্রাঙ্গণে ও বিশ্ববিদ্যালয়ের সামনের রাস্তা বন্যার পানিতে তলিয়ে গেছে। ফলে বিশ্ববিদ্যালয় চার দিনের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। বন্যার সার্বিক পরিস্থিতি দেখে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

গত ১১ মে থেকে ভারতের উজান থেকে পাহাড়ি ঢল নামছে। পাশাপাশি সিলেটে ভারী বৃষ্টিপাত হচ্ছে। এতে নদ-নদীর পানি বৃদ্ধি অব্যাহত থাকায় জেলায় বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। জেলার প্রধান দুটি নদী সুরমা ও কুশিয়ারাসহ অন্যান্য নদ-নদীর পানি উপচে একের পর এক এলাকা প্লাবিত হচ্ছে। ফসলের ক্ষেত ডুবে গেছে, পুরুরের মাছ ভেসে গেছে। এতে অনেক বাসাবাড়িতেও পানি তুকেছে। ইতিমধ্যে সিলেট ও সুনামগঞ্জের প্রায় একহাজার শিক্ষা প্রতিষ্ঠানে বন্যার পানি উঠেছে।